"শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
জাতীয় মহিলা সংস্থা
১৪৫,নিউ বেইলী রোড, ঢাকা।

স্মারক নং ৩২.০২.০০০০.০০৪.১৬.২৮৯.১৯/ ৬৮৪ তারিখ: ৩/১২/১৯

বিষয়ঃ দপ্তর/সংস্থা/একাডেমির তথ্যাদি হালনাগাদকরণ ফরম প্রেরণ প্রসংঙ্গে।

সূত্রঃ ৩২.০০.০০০০.০৪২.১৬.০০৭-১৮/২১৫, তারিখঃ ১৩/০৬/২০১৯ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে মন্ত্রণালয়ের কার্যক্রম সম্পর্কিত তথ্যাদি হালনাগাদকরণের জন্য জাতীয় মহিলা সংস্থার **নভেম্বর'১৯** মাসের হালনাগাদ তথ্য সংযুক্ত ছকে পূরণ পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংঙ্গে প্রেরণ করা হলো।

৩/১২/১৯
কাজল ইসলাম এনডিসি
নির্বাহী পরিচালক (অতিঃ সচিব)
জাতীয় মহিলা সংস্থা
ফোনঃ ৯৩৪২৩৪১

সচিব
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(দৃ: আ: সহকারী সচিব (সমন্বয় শাখা)
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা)।

জাতীয় মহিলা সংস্থা
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।

দপ্তর/সংস্থা/একাডেমির তথ্যাদি হালনাগাদকরণ ফরম প্রেরণ।

দপ্তর/সংস্থার নামঃ জাতীয় মহিলা সংস্থা। প্রতিবেদনাধিন মাসঃ নভেম্বর/২০১৯ প্রতিবেদনের তারিখ: ০৩/১২/২০১৯ খ্রি:

| ক্র: নং | কার্যক্রম | প্রকল্প, কর্মসূচী ও কার্যক্রমের নাম | উপকারভোগীর সংখ্যা (প্রতিবেদনাধীন মাসে) | অগ্রগতি/হ্রাস/বৃদ্ধি/বিয়োজন/সংযোজন/মন্তব্য (যদি থাকে) |
|---|---|---|---|---|
| ১ | উন্নয়ন প্রকল্প | ১.নগর ভিত্তিক প্রান্তিক মহিলা উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়) | ৯৩৮ জন | ২০১৯-২০ অর্থ বছরে ১৩৫০০ জন প্রান্তিক মহিলাকে ৪ (চার) মাস মেয়াদী দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ প্রদান করা হবে। তন্মেধ্যে **নভেম্বর/১৯** পর্যন্ত মোট ৫০৬৩ জন প্রান্তিক মহিলাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এপ্রিল ২০১৭ হতে **নভেম্বর/১৯** পর্যন্ত ৩১৬৮৮ জন প্রান্তিক মহিলা প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা অর্জন করেছে। |
| | | ২.জেলাভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্প (৬৪ জেলা) | ৩২০৭ জন | এ পর্যন্ত ১১তম ব্যাচে কম্পিঃ অফিস এ্যাপ্লিকেশনে ১৬০০ জন ও ১ম ব্যাচে গ্রাফিক্স ডিজাইন এন্ড মাল্টিমিডিয়ায় ১৬০০ জনের প্রশিক্ষণ চলমান রয়েছে। ১০ম ব্যাচে ২৯৪০৬ জনের প্রশিক্ষণ কার্যক্রম শেষ হয়েছে। জুন ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত আর্থিক অগ্রগতি ৫৮৩৩.৪৪৬৬ লক্ষ টাকা, শতকরা হার ৬৭.০৭%। ২০১৯-২০ অর্থ বছরে এডিপিতে পুনঃ বরাদ্দ ১২০৫.০০ লক্ষ টাকা এবং **নভেম্বর/১৯** পর্যন্ত আর্থিক অগ্রগতি ৪৫৪.৫২২৫৮ লক্ষ টাকা শতকরা হার ৩৭.৭২%। |
| | | ৩.অর্থনৈতিক ক্ষমতায়নে নারী উদ্যোক্তাদের বিকাশ সাধন প্রকল্প (৩য় পর্যায়) | - | ২০১৯-২০ অর্থ বছরে ৩০ টি প্রশিক্ষণ কেন্দ্রে বিষয়ভিত্তিক প্রতি ব্যাচে ২৫ জন করে ১৮২ ব্যাচে মোট ৪,৫৫০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হবে। তন্মধ্যে ২০১৯-২০ অর্থ বছরে ৩০ টি প্রশিক্ষণ কেন্দ্রে বিষয়ভিত্তিক প্রতি ব্যাচে ২৫ জন করে ১৮২ ব্যাচে মোট ৪,৫৫০ জনের প্রশিক্ষণ চলমান রয়েছে। এপ্রিল ২০১৬ হতে **নভেম্বর/১৯** পর্যন্ত মোট ৭৭,৯৫০ জন বেকার ও সুবিধাবঞ্চিত নারীকে দক্ষতা বৃদ্ধি মূলক প্রশিক্ষণ দেয়া হয়েছে। |
| | | ৪. তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্প (২য় পর্যায়) | ৩,৭৭,৪৭৭ জন | ➢ প্রকল্পের অনুকূলে ২০১৯-২০২০ অর্থ বছরে **নভেম্বর,** ২০১৯ মাস পর্যন্ত ব্যয় হয়েছে ৩০৮৮.০৪ লক্ষ টাকা।<br>➢ ২০১৯-২০২০ অর্থ বছরে এডিপিতে মোট ১৩০০০.০০ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে। তন্মধ্যে ১ম ও ২য় কিস্তিতে রাজস্ব বাবদ ৫৬৪২.৫০ লক্ষ টাকা এবং মূলধন বাবদ ৮৫৭.৫০ লক্ষ টাকা মোট ৬৫০০.০০ লক্ষ টাকা ছাড় পাওয়া গেছে।<br>➢ ৪৯০টি তথ্যকেন্দ্রের মাধ্যমে গ্রামীণ অনগ্রসর মহিলাদের ডোর টু ডোর তথ্যপ্রযুক্তিভিত্তিক সেবা প্রদানের মাধ্যমে তথ্য সেবা প্রদান ও সচেতনতামূলক উঠান বৈঠক আয়োজনের মাধ্যমে গ্রামীণ মহিলাদের উদ্ধুদ্ধকরণের কার্যক্রম অব্যাহত রয়েছে।<br>➢ ২০১৯-২০২০ অর্থ বছরে ইজিপি এর মাধ্যমে মেডিকেল ইকুইপমেন্ট, সার্ভিস বোর্ড, বুকলেট ক্রয় কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। |
| ২ | রাজস্ব বাজেটের কর্মসূচী | ১.আমার ইন্টারনেট আমার আয় | ১,২২৪ জন | জাতীয় মহিলা সংস্থা কর্তৃক বাস্তবায়নাধীন আমার ইন্টারনেট আমার আয় কর্মসূচিটি জুলাই ২০১৭ থেকে জুন ২০১৮ পর্যন্ত ৩৬ জন করে ৩০টি জেলায় মোট ১০৮০ জন প্রশিক্ষণার্থীকে উল্লেখিত বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ২০১৮-১৯ অর্থ বছরে ৩৬ জন করে ২৭টি জেলায় ৯৫২ জন প্রশিক্ষণার্থী এক মাসের অনলাইন ক্লাস, ৬ দিনের সরাসরি ক্লাস এবং ৪ মাসের অনলাইন মনিটরিং সমাপ্ত হয়েছে। এছাড়া ৭টি জেলায় মোট ১,২২৪ জন প্রশিক্ষণার্থী নিয়ে এক মাসের অনলাইন ক্লাস, ৬ দিনের সরাসরি ক্লাস ৪ মাসের অনলাইন মনিটরিং জুন/১৯ মাসে সম্পন্ন হয়েছে। বর্তমানে কর্মসূচিটির সমীক্ষা সম্পন্ন করার জন্য ডিসেম্বর/১৯ পর্যন্ত ৬ মাস নো-কষ্ট এক্সেটেনশন করা হয়েছে। |

| ক্র: নং | কার্যক্রম | প্রকল্প, কর্মসূচী ও কার্যক্রমের নাম | উপকারভোগীর সংখ্যা (প্রতিবেদনাধীন মাসে) | অগ্রগতি/হ্রাস/বৃদ্ধি/বিয়োজন/সংযোজন/মন্তব্য (যদি থাকে) |
|---|---|---|---|---|
| ২ | রাজস্ব বাজেটের কর্মসূচী | ২. গার্মেন্টস ও কারখানার নারী শ্রমিকদের সন্তানদের জন্য ডে-কেয়ার সেন্টার কর্মসূচি। | ৪৫০ জন | জানুয়ারী/২০১৮ থেকে ডিসেম্বর/২০২০ মেয়াদে বাস্তবায়িত উক্ত কর্মসূচির আওতায় প্রতি মাসে প্রতিটি সেন্টারে ৩০ জন করে ১৫টি সেন্টারে বছরে ৪৫০ জন মোট ৩ বছরে ১৩৫০ জন শিশুকে স্বাস্থ্য সেবা প্রদান, অক্ষরজ্ঞান দান, অভ্যন্তরীণ খেলাধুলা ও অন্যান্য বিনোদনমূলক কার্যক্রম গ্রহণসহ দিবাকালীন সেবা প্রদান করা হচ্ছে। এ কর্মসূচি বাস্তবায়নের ফলে গার্মেন্টস ও কারখানায় কর্মরত মহিলা শ্রমিকরা দুশ্চিন্তা ও অসুবিধামুক্তভাবে তাদের ১ থেকে ৬ বছরের সন্তানদের নিরাপদ পরিবেশে, বিনামূল্যে সুষম ও পুষ্টিকর খাদ্য সরবরাহের মাধ্যমে সকাল ৮.০০ থেকে সন্ধ্যা ৭.০০ পর্যন্ত নিরাপদ পরিবেশে সযত্নে দেখা শোনার সুযোগ পাচ্ছে। এছাড়া শিশুদের মাঝে স্বদেশ প্রেম, নৈতিক শিক্ষা, শৃঙ্খলা, জাতীয় ঐতিহ্যের প্রতি শ্রদ্ধাবোধ গড়ে তোলা এবং সুবিধাবঞ্চিত শিশুদের প্রাক শিক্ষা দানের মাধ্যমে বিদ্যালয়মুখী করণ করা হয়।<br>**নভেম্বর/২০১৯** খ্রি: মাসে ১৫টি সেন্টারের মাধ্যমে ৪৫০ জন শিশুকে দিবাকালীন সেবা প্রদান করা হয়েছে। |
| ৩ | রাজস্ব বাজেটের আওতায় অন্যান্য কার্যক্রম | ১.মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম | - | ২০০৩-২০০৪ অর্থ বছর থেকে ২০১৯-২০২০ অর্থ বছরের **নভেম্বর**/১৯ পর্যন্ত ৩৩.৭৫/ (তেত্রিশ কোটি পঁচাত্তর লক্ষ) কোটি টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে। প্রাপ্ত বরাদ্দ দ্বারা ঘূর্ণায়মানভাবে সংস্থার ৫০টি উপজেলা ও ৫৮টি জেলার সদর উপজেলা মোট ১০৮টি শাখা অফিসের মাধ্যমে মাথাপিছু ৫,০০০/- টাকা থেকে ১৫,০০০/- টাকা পর্যন্ত ঋণ বিতরণ করা হচ্ছে। উক্ত টাকার বিপরীতে ৬২,৪৪৪ জন ঋণগ্রহীতার মাঝে ঘূর্ণায়মানভাবে মোট ৭৫.৪১ (পঁচাত্তর কোটি একচল্লিশ লক্ষ) টাকা ঋণ বিতরণ করা হয়েছে। |
| | | ২.মাননীয় প্রধানমন্ত্রীর বিশেষ তহবিলে পরিচালিত স্ব-কর্ম সহায়ক ঋণ কার্যক্রম | ৫৪৩৮ জন | নভেম্বর/২০১৯ মাসে ২০ জন ঋণ গ্রহীতার মধ্যে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ঋণ বিতরণ করা হয়েছে। |
| | | ৩. আইনগত সহায়তা প্রদান | ০৮ জন | প্রতিবেদনাধীন মাসে সংস্থার নারী নির্যাতন প্রতিরোধ সেলের মাধ্যমে ০৮ জন নির্যাতিত অসহায় মহিলাকে আইনগত সহায়তা প্রদান করা হয়েছে। |
| | | ৪. যৌতুক ও বাল্য বিবাহ রোধকল্পে উঠান বৈঠক | ১,৮৫১ জন | সংস্থার ৬৪ টি জেলা শাখা ও ৫০টি উপজেলা শাখায় যৌতুক ও বাল্য বিবাহ রোধকল্পে মোট ৫১টি উঠান বৈঠকের মাধ্যমে ১,৮৫১ জন মহিলাকে যৌতুক ও বাল্য বিবাহের কুফল সম্পর্কে সচেতন করা হয়েছে। |
| | | ৫. নারী ও শিশু পাচার রোধকল্পে উঠান বৈঠক | ১,৭৪৯ জন | সংস্থার ৬৪ টি জেলা শাখা ও ৫০ টি উপজেলা শাখায় নারী ও শিশু পাচার রোধকল্পে মোট ৪৮টি উঠান বৈঠকের মাধ্যমে ১,৭৪৯ জন মহিলাকে নারী ও শিশু পাচার রোধে সচেতন করা হয়েছে। |
| | | ৬. দর্জি বিজ্ঞান, সেলাই ও এমব্রয়ডারী, ব্লক-বাটিক , চামড়া জাত শিল্প ৬৪ জেলা, ৫০ উপজেলা ও প্রধান কার্যালয় | ৩৪৫৪ জন (৪ মাস মেয়াদি) | ৩৪৫৪ জন (৪ মাস মেয়াদি) |

নাহিদা বেগম ০৪/১২/১৯
প্রশাসনিক কর্মকর্তা
জাতীয় মহিলা সংস্থা
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় ঢাকা

| ক্র: নং | কার্যক্রম | প্রকল্প, কর্মসূচী ও কার্যক্রমের নাম | উপকারভোগীর সংখ্যা (প্রতিবেদনাধীন মাসে) | অগ্রগতি/হ্রাস/বৃদ্ধি/বিয়োজন/সংযোজন/মন্তব্য (যদি থাকে) |
|---|---|---|---|---|
| ৪ | প্রশিক্ষণ | ১. | - | - |
| | (ক) উন্নয়ন প্রকল্পের আওতায় | ২. | - | - |
| | (খ) কর্মসূচীর আওতায় | ৩. - | - | - |
| | (গ) রাজস্ব বাজেটের আওতায় | ৪. (ক) | - | চলতি মাসে প্রশিক্ষণ প্রদান করা হয়নি। |
| | | (খ) - | - | - |
| | (ঘ) কর্মকর্তা/কর্মচারী | ৫. | | - |
| ৫ | অন্যান্য কার্যক্রম (প্রতিবেদনাধিন মাসের সকল কার্যক্রমের বর্ণনা) | ১. | | |
| | | ২. | | |
| | | ৩. | | |
| | | ৪. | | |
| | | ৫. | | |

প্রশাসনিক কর্মকর্তা
জাতীয় মহিলা সংস্থা
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।